যে ব্যক্তি কসম খেয়ে বলল যে, ‘আমি ইসলাম হতে (দায়) মুক্ত।’ অতঃপর যদি (তাতে) সে মিথ্যাবাদী হয়, তাহলে তেমনি হবে, যেমন সে বলেছে। আর যদি সে (তাতে) সত্যবাদী হয়, তাহলে নিখুঁতভাবে ইসলামে কখনোই ফিরতে পারবে না।

বুরাইদাহ রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি কসম খেয়ে বলল যে, ‘আমি ইসলাম হতে (দায়) মুক্ত।’ অতঃপর যদি (তাতে) সে মিথ্যাবাদী হয়, তাহলে তেমনি হবে, যেমন সে বলেছে। আর যদি সে (তাতে) সত্যবাদী হয়, তাহলে নিখুঁতভাবে ইসলামে কখনোই ফিরতে পারবে না।”
[সহীহ] [এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: যে ব্যক্তি কসম খেল এবং সে বলল, সে ইসলাম হতে (দায়) মুক্ত’ অথবা সে বলল, সে ইয়াহূদী বা খৃষ্টান বা কাফির বা নাস্তিক। তার বিষয়টি দু’ অবস্থার কোনো একটি থেকে খালি নয়। প্রথম অবস্থা: সে যার ওপর শপথ করেছে তাতে সে হয় মিথ্যাবাদী হবে, যেমন সে কসম করল, যদি ব্যাপারটি এমন হয়, তবে সে ইসলাম থেকে মুক্ত। অথচ সে যে বিষয়ে সংবাদ দিচ্ছে তাতে সে মিথ্যুক। যেমন কেউ সংবাদ দিল যে, যায়েদ আজ সফর থেকে এসেছে এবং সে এর ওপর ইসলাম থেকে মুক্ত হওয়া বা ইয়াহূদী বা খৃষ্টান হওয়া বা মুশরিক হওয়ার কসম খেল। অথচ সে মিথ্যুক হওয়ার বিষয়টি জানে। তাহলে সে তেমনি হবে, যেমন সে বলেছে। অর্থাৎ, ইসলাম থেকে মুক্ত বা ইয়াহূদী বা খৃষ্টান হয়ে যাবে। দ্বিতীয় অবস্থা: আর যদি সে যা বলেছে তাতে সে সত্যবাদী হয়, যেমন যদি সে ইসলাম থেকে মুক্ত বা ইয়াহূদী বা খৃষ্টান হওয়ার ওপর কসম করে বলে, যায়েদ আজকে তার সফর থেকে ফিরে এসেছে, অথবা সে বলল, সে এ কাজটি করে নি, আর সে যে বিষয়ের ওপর কসম খেয়েছে তাতে সে সত্যবাদী। তাহলে সে এ অবস্থায় নিখুঁতভাবে ইসলামে কখনোই ফিরতে পারবে না। যেমনটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন। বরং তার থেকে এ ধরনের খারাপ ও মন্দ শব্দ প্রকাশ পাওয়ার কারণে তার ইসলামের পূর্ণতায় ঘাটতি থেকেই যাবে। তারহুত তাসরীব (৭/১৬৭) ইবন উসাইমীনের রিয়াদুস সালেহীনের ব্যাখ্যা (৬/৪৫৩)

http://sunnah.global/hadeeth/bn/show/8965